


প্রেস রিলিজ

চারটি বাংলা চলচ্চিত্রের সেন্সর সনদপত্র সাময়িক বাতিল ঘোষণা

ঢাকা, (২১ ফাল্গুন) ০৫ মার্চ

চারটি বাংলা চলচ্চিত্রের সেন্সর সনদপত্র সাময়িক বাতিল ঘোষণা করা হয়েছে। চলচ্চিত্রগুলো হচ্ছে মঈন বিশ্বাস প্রযোজিত ও পরিচালিত “পাগল তোর জন্যে”, মোঃ আব্দুল হালিম প্রযোজিত ও মোস্তাফিজুর রহমান মানিক পরিচালিত “কিছু আশা কিছু ভালবাসা”, শাহ আলমগীর বাচ্চু প্রযোজিত ও অপূর্ব রানা পরিচালিত “খুনী বিল্লা” এবং খোরশেদ আলম খসরু প্রযোজিত ও শাহীন সুমন পরিচালিত “নগদ”। চলচ্চিত্র চারটির মধ্যে “পাগল তোর জন্যে” ও “কিছু আশা কিছু ভালবাসা” চলচ্চিত্র দুটি সেন্সর বোর্ড কর্তৃক কর্তৃনকৃত দৃশ্য সংযোজন করে জাতীয় চলচ্চিত্র পুরস্কার-২০১৩ এর বিবেচনার জন্য সংশ্লিষ্ট প্রযোজনা প্রতিষ্ঠান কর্তৃক জমা দেয়া হয়। জুরি বোর্ডের সদস্যগণ কর্তৃক চলচ্চিত্র পরীক্ষণকালে এ চলচ্চিত্র দুটিতে কর্তৃনকৃত দৃশ্য পরিলক্ষিত হয়। অপরদিকে “খুনী বিল্লা” ও “নগদ” চলচ্চিত্র দুটিতে সেন্সর বোর্ড কর্তৃক কর্তৃনকৃত দৃশ্য ও সেন্সরবিহীন অশ্লীল দৃশ্য প্রেক্ষাগৃহে প্রদর্শন এবং অননুমোদিত পোস্টার ও ফটোসেট দ্বারা প্রচারকার্য চালানো হয়। এ সকল কারণে চলচ্চিত্রগুলোর সেন্সর সনদপত্র সাময়িক বাতিল করা হয়েছে। চলচ্চিত্র চারটি কোথাও প্রদর্শন করা যাবে না।



(মোঃ নিজামুল কবীর)

সচিব

বাংলাদেশ চলচ্চিত্র সেন্সর বোর্ড

ফোন : ৯৩৩০২১৮

মোবাঃ ০১৭১২-০৩৬৪৬৮